# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১০০৪

১/ বিবিধ

---

আরবী

إذا دخلت على مريض فمره أن يدعولك، فإن دعاءه كدعاء الملائكة
ضعيف جدا

رواه ابن ماجه (1/440) : حدثنا جعفر بن مسافر: حدثني كثير بن هشام: حدثنا جعفر بن برقان عن ميمون بن مهران عن عمر بن الخطاب قال: قال لي النبي صلى الله عليه وسلم. فذكره

قلت: وهذا سند ضعيف جدا، وله علتان

الأولى: الانقطاع بين ميمون وعمر، وبه أعلوه، فقال البوصيري في " الزوائد " (ق 90/1)

هذا الإسناد رجاله ثقات (1) ، إلا أنه منقطع، قال العلائي في " المراسيل "، والمزي في " التهذيب ": إن رواية ميمون بن مهران عن عمر مرسلة

وقال المنذري في " الترغيب " (4/164)

ورواته ثقات مشهورون، إلا أن ميمون بن مهران لم يسمع من عمر، وتبعه الحافظ في " الفتح " فقال (10/99)

أخرجه ابن ماجه بسند حسن لكن فيه انقطاع، وغفلوا جميعا عن العلة الأخرى، وهي:

الثانية: وهي أن راويه عن جعفر بن برقان ليس هو كثير بن هشام كما هو ظاهر هذا الإسناد، بل بينهما رجل متهم، بين ذلك الحسن بن عرفة فقال: حدثنا كثير بن هشام الجزري عن عيسى بن إبراهيم الهاشمي عن جعفر بن برقان عن ميمون بن مهران به،

أخرجه ابن السني في " عمل اليوم والليلة " (ص 178)
وعيسى هذا قال فيه البخاري والنسائي
منكر الحديث، وقال أبو حاتم: متروك الحديث، فلعله سقط من رواية جعفر بن مسافر وهما منه، فقد قال فيه الحافظ
صدوق ربما أخطأ، ثم رجعت إلى " التهذيب " فرأيته قد تنبه لهذه العلة، فقال متعقبا لقول النووي الذي نقلته عنه آنفا
فمشى على ظاهر السند، وعلته أن الحسن بن عرفة رواه عن كثير، فأدخل بينه وبين جعفر رجلا ضعيفا جدا، وهو عيسى بن إبراهيم الهاشمي. كذلك أخرجه ابن السني والبيهقي من طريق الحسن، فكأن جعفرا كان يدلس تدليس التسوية، إلا أني وجدت في نسختي من ابن ماجه تصريح كثير بتحديث جعفر له، فلعل كثيرا عنعنه فرواه جعفر عنه بالتصريح، لاعتقاده أن الصيغتين سواء من غير المدلس، لكن ما وقفت على كلام أحد وصفه بالتدليس، فإن كان الأمر كما ظننت أولا، وإلا فيسلم جعفر من التسوية ويثبت التدليس في كثير، والله أعلم
قلت: لكن أحدا لم يصف أيضا بالتدليس كثيرا هذا، فالأقرب أن جعفرا وهم في سنده؛ فأسقط عيسى منه كما سبق مني، فإنه موصوف بالوهم كما عرفت من " تقريب " الحافظ، وسلفه في ذلك ابن حبان، فإنه قال فيه في الثقات
كتب عن ابن عيينة، ربما أخطأ

বাংলা

১০০৪। তুমি যেখন কোন রোগীর নিকট প্রবেশ করবে তখন তাকে নির্দেশ দাও সে যেন তোমার জন্য দু'আ করে। কারণ তার দুআ ফেরেশতাদের দু'আর ন্যায়।

হাদীসটি নিতান্তই দুর্বল।

এটিকে ইবনু মাজাহ (১/৪৪০) জাফার ইবনু মুসাফির হতে, তিনি কাসীর ইবনু হিশাম হতে, তিনি জাফার ইবনু বুরকান হতে, তিনি মায়মূন ইবনু মিহরান হতে, তিনি উমার ইবনুল খাত্তাব (রাঃ) হতে বর্ণনা করেছেন তিনি বলেনঃ রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে বলেছেনঃ ...।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি দুটি কারণে খুবই দুর্বলঃ

১। সনদের বর্ণনাকারী মায়মূন ও উমার (রাঃ)-এর মাঝে বিচ্ছিন্নতা রয়েছে। মুহাদ্দিসগণ এর দ্বারাই হাদীসটির সমস্যা বর্ণনা করেছেন। বুসয়রী "আয-যাওয়াইদ" গ্রন্থে (কাফ ১/৯০) বলেনঃ এ সনদের বর্ণনাকারীগণ নির্ভরযোগ্য কিন্তু সনদটি মুনকাতি’ (বিচ্ছিন্ন)। আলাঈ “আল-মারাসীল” গ্রন্থে এবং আল-মিযযী “আত-তাহযীব” গ্রন্থে বলেনঃ উমার (রাঃ) হতে মায়মূনের বর্ণনাটি মুরসাল। মুনযেী, নবাবী ও ইবনু হাজার একই সমস্যার কথা উল্লেখ করেছেন।

কিন্তু তারা সকলেই দ্বিতীয় সমস্যাটির কথা উল্লেখ করতে বেখিয়ালই রয়ে গেছেন। সেটি হচ্ছেঃ

২। জাফর ইবনু বুরকান হতে হাদীসটির বর্ণনাকারী কাসীর ইবনু হিশাম নন। বরং তাদের দু’জনের মধ্যে মিথ্যা বর্ণনা করার দোষে দোষী এক ব্যক্তি রয়েছেন। হাসান ইবনু আরাফাহ বলেনঃ আমাদেরকে হাদীসটি কাসীর ইবনু হিশাম আল-জাযারী (তিনি) ঈসা ইবনু ইবরাহীম আল-হাশেমী হতে, তিনি জ’ফার হতে বর্ণনা করেছেন।

এটিকে ইবনুস সুন্নী "আমলুল ইয়াওম অল লাইলাহ" গ্রন্থে (পৃঃ ১৭৮) বর্ণনা করেছেন।

এ ঈসা সম্পর্কে ইমাম বুখারী ও নাসাঈ বলেনঃ তিনি মুনকারুল হাদীস। আবু হাতিম বলেনঃ তিনি মাতরূকুল হাদীস।

সম্ভবত ভুল বশত জাফার ইবনু মুসাফিরের বর্ণনা হতে (ঈসা ইবনু ইবরাহীম) পড়ে গেছে। এ জাফার সম্পর্কে হাফিয ইবনু হাজার বলেনঃ তিনি সত্যবাদী, কখনও কখনও ভুল করতেন।

অতঃপর আমি হাফিয ইবনু হাজারের “আত-তাহযীব” গ্রন্থে পেয়েছি তিনি এ সমস্যাটি (অর্থাৎ বর্ণনাকারী ঈসাকে দু’জনের মাঝে উহ্য করে ফেলার বিষয়টি) উল্লেখ করেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=71883

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন